

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ২৪, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন ও বিচার মন্ত্রণালয়

বিচার শাখা-৪

প্রজ্ঞাপন

ঢাকা, ১১ই বৈশাখ, ১৩৯৫/২৪শে এপ্রিল, ১৯৮৮

নং এস, আর, ও, ১৩-আইন/৮৮/১৩৯-বিচার ৪/সি-১৭/৮৪—দেওয়ানী আদালত আইন, ১৮৮৭ (১৮৮৭ সালের ১২ নম্বর আইন) এর ১৪(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এবং অত্র মন্ত্রণালয়ের ২-৬-৮৪ তারিখের এস, আর, ও, ২১২-এল/৮৪/৩৯৭-বিচার ৪/সি-২/৮৩ নম্বর প্রজ্ঞাপনের আংশিক সংশোধনক্রমে সরকার বরিশাল জেলার বানরীপাড়া সহকারী জজ আদালতের ক্ষেত্রাধিকার নিম্নরূপে পুনঃনির্ধারণ করিলেন:—

ক্রমিক নং	আদালতের নাম	ক্ষেত্রাধিকার
১	বরিশাল জেলার বানরীপাড়া সহকারী জজ আদালত।	সমগ্র বানরীপাড়া উপজেলা

এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম, এ, কালাম

উপ-সচিব।

(৫৫৭৯)

মুদ্রা: ৩০ পরমা

প্রজ্ঞাপন

ঢাকা, ১১ই বৈশাখ, ১৩৯৫/২৪শে এপ্রিল, ১৯৮৮

নং এস, আর, ও, ১৪-আইন/৮৮/১৩৮-বিচার ৪/এসি-১৭/৮৪—দেওয়ানী আদালত আইন, ১৮৮৭ (১৮৮৭ সালের ১২ নম্বর আইন) এর ১৪(১) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে এবং অত্র মন্ত্রণালয়ের ২-৬-৮৪ তারিখের এস, আর, ও, ২০২-এল/৮৪/৩৮৬-বিচার ৪/এসি-২/৮৩ নম্বর প্রজ্ঞাপন আংশিক সংশোধনক্রমে সরকার কক্সবাজার জেলা জজ কোর্টের অধ্যক্ষতন কুতুবদিয়া সহকারী জজ আদালতের ক্ষেত্রাধিকার নিম্নরূপে পুনঃনির্ধারণ করিলেন:—

ক্রমিক নং	আদালতের নাম	ক্ষেত্রাধিকার
১	কক্সবাজার জেলার কুতুবদিয়ার কোর্ট	কুতুবদিয়া উপজেলা
এই আদেশ কুতুবদিয়া উপজেলার সহকারী জজ নিয়োগের তারিখ হইতে কার্যকরী হইবে।		
রাষ্ট্রপতির আদেশক্রমে এম, এ, কালাম উপ-সচিব।		

প্রজ্ঞাপন

ঢাকা, ১১ই বৈশাখ, ১৩৯৫/২৪শে এপ্রিল, ১৯৮৮

নং এস, আর, ও, ১৫-আইন/৮৮/১৪০-বিচার ৪/এসি-১/৮৪—Civil Courts Act, 1887 (XII of 1887) এর Sections 13 ও 14 এবং Code of Criminal procedure এর Sections 7 ও 9 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার সমগ্র বানরীপাড়া উপজেলা পিরোজপুর জেলা জজশীপ ও সেনসন্স ডিভিশন হইতে বরিশাল জেলা জজশীপ ও সেনসন্স ডিভিশনের এখতিয়ারে ন্যস্ত করিলেন।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
এম, এ, কালাম
উপ-সচিব।

প্রজ্ঞাপন

ঢাকা, ১১ই বৈশাখ, ১৩৯৫/২৪শে এপ্রিল, ১৯৮৮

নং এস, আর, ও, ১৬-আইন/৮৮/১৪২-বিচার ৪/এসি-১৭/৮৪—অত্র মন্ত্রণালয়ের ১-২-১৯৮৭ তারিখের এস, আর, ও, ১৮-এল/৮৭/৪১-বিচার ৪/এসি-১৭/৮৪ নম্বর প্রজ্ঞাপন বাতিলক্রমে দেওয়ানী আদালত আইন (১৮৮৭ সালের ১২ নম্বর আইন) এর ১৪(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দেশ দিতেছেন যে, ঢাকার মেট্রোপলিটন এলাকার যে সহকারী জজ আদালতটি টাংগাইলের পরিবর্তে পটুয়াখালী জেলার বাউফলে বদলী করা হইয়াছিল তাহা পুনরাদেশ না দেওয়া পর্যন্ত কক্সবাজার সদরে অন্তর্ভুক্ত হইবে।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
এম, এ, কালাম
উপ-সচিব।

প্রজ্ঞাপন

ঢাকা, ১১ই বৈশাখ, ১৩৯৫/২৪শে এপ্রিল, ১৯৮৮

নং এস, আর, ও, ১৭-আইন/৮৮/১৪১-বিচার ৪/৫সি-১৭/৮৪—অত্র মন্ত্রণালয়ের ৫-০-১৯৮৫ তারিখের এস, আর, ও, ১১৪-এল/৮৫/৭৬-বিচার ৪/৫সি-১৭/৮৪ নম্বর প্রজ্ঞাপন বাতিলক্রমে দেওয়ানী আদালত আইন (১৮৮৭ সালের ১২ নম্বর আইন) এর ১৪(১) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নির্দেশ দিতেছেন যে, ঢাকার মেট্রোপলিটন এলাকার যে সহকারী জজ আদালতটি যশোহরের পরিবর্তে সিলেটে বদলী করা হইয়াছিল তাহা পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নোয়াখালী সদরে স্থানান্তরিত হইল।

এই আদেশ অবিলম্বে কার্যকরী হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এম, এ, কালাম

উপ-সচিব।